




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-১০০

তারিখঃ ২৬/১০/১৯

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের সুফলভোগীদের সকল আর্থিক হিসাব সংরক্ষণের জন্য সকল সুফলভোগীর নিজস্ব পাশবর্হি রয়েছে। উক্ত পাশবর্হি প্রকল্পের উপজেলা দপ্তর হতে সরবরাহ করার নিয়ম রয়েছে। এক্ষেত্রে প্রতিটি পাশবর্হি প্রকল্পের এআরডিও কর্তৃক ইস্যুকৃত হতে হবে এবং সুফলভোগী সদস্যের ছবি পাশবর্হির সংশ্লিষ্ট পৃষ্ঠায় আঠা/পিন দ্বারা লাগাতে হবে, যার উপর এআরডিও’র স্বাক্ষর থাকতে হবে। প্রতিটি পাশবর্হির উপর সদস্যের আইডি (সফটওয়্যার কর্তৃক সদস্যের প্রাপ্ত আইডি) থাকতে হবে যা সদস্যের পাশবর্হি নম্বর হিসেবে ব্যবহৃত হবে এবং এর জন্য পৃথক রেজিস্টার সংরক্ষণ করতে হবে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন উপজেলায় প্রকল্পের এআরডিও কর্তৃক পাশবর্হি ইস্যু ব্যতিত বিভিন্ন সদস্যদের কাছে পাশবর্হি রয়েছে এবং উক্ত পাশবর্হিতে মাঠ সংগঠক কর্তৃক নিয়মিত কিস্তির আদায়কৃত অর্থ এন্ট্রি দেয়া হয়, যা নিয়ম বর্হিভূত। এতে করে মাঠসংগঠক কর্তৃক পাশবর্হি পরিবর্তনের মাধ্যমে আদায়কৃত অর্থ হস্তমজুদ/আত্মসাৎ করার সুযোগ পায়। তাই উক্ত আদেশ জারির পর কোন সমিতি পরিদর্শনে যদি সদস্যদের পাশবর্হিতে উপরোক্ত নির্দেশনা মোতাবেক এআরডিও’র স্বাক্ষর না পাওয়া যায়/না থাকলে সংশ্লিষ্ট এআরডিও’র এবং মাঠসংগঠকদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।


২৬/১০/১৯
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা ঃ-----।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৫. হিসাব সহকারী (সকল), ইরেসপো, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।